

💵 উসীলা গ্রহণ: বৈধ ও অবৈধ পন্থা

বিভাগ/অধ্যায়ঃ উসীলা বা তাওয়াসসুল কাকে বলে? রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

উসীলা বা তাওয়াসসুল কাকে বলে?

আভিধানিক অর্থে উসীলা হলো এমন উপায়-উপকরণ, যা উদ্দেশ্য বিষয় অর্জনে সহায়তা করে, উদ্দেশ্য লাভের নিকটবর্তী হওয়া, আগ্রহ নিয়ে কোনো উদ্দেশ্যের দিকে ধাবিত হওয়া।

তার আরো একটি অর্থ হলো, শাসকের নিকট সম্মান, মর্যাদা ও নৈকট্য লাভ।

পারিভাষিক অর্থে উসীলা বলা হয়,

- শরী'আত অনুমোদিত ঐ সকল পন্থা অবলম্বন, যার মাধ্যমে আল্লাহ তা'আলার নৈকট্য অর্জন করা যায়।
- এমন সব ইবাদত-বন্দেগী, যেগুলো শুধুমাত্র আল্লাহর সম্ভুষ্টি অর্জনের উদ্দেশ্যে করা হয়। অনুরূপভাবে যেসব আমল-ইবাদতকে আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যবানীতে প্রবর্তন করেছেন, মহান আল্লাহর কাছে উঁচু মর্যাদা অর্জন করার জন্য বা কোনো প্রার্থীত বস্তু লাভ ও কোনো অনিষ্ট থেকে রক্ষার উদ্দেশ্য পুরণের জন্য বা দুনিয়া-আখিরাতের কোনো আশা পুরণের জন্য।

তবে মনে রাখতে হবে, আল্লাহর নৈকট্য অর্জন শরী'আত অনুমোদিত মাধ্যম ছাড়া সম্ভব নয়। উসীলার ভিত্তি তিনটি বিষয়:

- ১. যার নৈকট্য লাভের জন্য উসীলা গ্রহণ করা হয়, আর তিনি হলেন মহা-মহিম, অপার করুণার আধার আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা।
- ২. নৈকট্যপ্রার্থী। সে হলো অক্ষম, দুর্বল ও প্রয়োজন পূরণে মুখাপেক্ষী বান্দা।
- ৩. নৈকট্য লাভের উপায়। তা হলো ঐ সব নেক আমল যা বান্দাকে তার মা'বুদের নৈকট্য লাভে ধন্য করে। কোনো উসীলা উপকারী ও তার দ্বারা আল্লাহ তা'আলার নৈকট্য লাভ ও প্রয়োজন পূরণ করার জন্য উসীলা গ্রহণকারীকে অবশ্যই কিছু শর্ত পূরণ করতে হবে। সে শর্তগুলো হলো:
- ১. উসীলা গ্রহণকারী বান্দাকে অবশ্যই সৎ ও নেক মুমিন হতে হবে এবং তার আমলের উদ্দেশ্য অবশ্যই শুধুমাত্র আল্লাহ তা'আলার সম্ভুষ্টি অর্জন হতে হবে।
- ২. আল্লাহ তা আলা তাঁর নৈকট্য অর্জনের উদ্দেশ্যে বান্দাদের জন্য যেসব আমল অনুমোদন করেছেন, আমল হতে হবে তারই মধ্য থেকে।
- ৩. উসীলাকৃত আমলটি হতে হবে শরী'আত অনুমোদিত এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাত অনুযায়ী। তাতে কোনো কম-বেশি করা যাবে না এবং কোনো সময় ও স্থানের সঙ্গে নির্দিষ্ট করা হয়ে থাকলে সে সীমা লংঘন করে অন্য সময় ও স্থানে করা যাবে না।



উপরোক্ত বক্তব্যে এই বিষয়টি স্পষ্ট হলো যে, অমুসলিমদের আমল-ইবাদত যেমন কোনোভাবে নৈকট্য লাভের মাধ্যম বা উসীলা হতে পারে না, তেমনি বিদ'আতপূর্ণ কর্মকাণ্ড দিয়েও আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জন করা যায় না।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9855

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন